Directors' Report
for the year ended 30 June 2017

পরিচালনা পর্ষদের প্রতিবেদন
সমাপ্ত অর্থবছর ৩০ জুন ২০১৭

DEAR SHAREHOLDERS, ASSALAMUALAIKUM:

On behalf of the Board of Directors and on my own behalf I take the privilege to welcome you all at the 22nd Annual General Meeting of Fu-Wang Ceramic Industry Limited and present before you a summarized performance of the Company together with the Audited Accounts and Financial Statements for the year ended 30 June 2017 and the Auditor's Report thereon.

RAISING PAID UP CAPITAL BY ISSUING ORDINARY SHARES:

As per extra-ordinary general meeting approval dated on 23 February 2017 to raise paid up capital to acquire 100% ordinary shares of S S Steel (Pvt.) Ltd. by issuing company's 21,999,999 ordinary shares of Tk. 10.00 each to the shareholders of S S Steel (Pvt.) Ltd. Accordingly application sent to Bangladesh Securities and Exchange Commission which was subsequently withdrawn.

প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ, আস্‌সালামুআলাইকুম:

ফু-ওয়াং সিরামিক ইন্ডাস্ট্রি লিমিটেড-এর ২২তম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে পরিচালনা পর্ষদের পক্ষ থেকে স্বাগত জানানোর সুযোগ পেয়ে আমি অত্যন্ত আনন্দিত বোধ করছি এবং সেইসাথে আমি ৩০ জুন ২০১৭ তারিখে সমাপ্ত বছরের উল্লেখযোগ্য কার্যক্রমের সারসংক্ষেপ, বার্ষিক নিরীক্ষিত হিসাব ও আর্থিক বিবরণী উপস্থাপন করছি।

সাধারণ শেয়ার ইস্যুর মাধ্যমে পরিশোধিত মূলধন বৃদ্ধি:

এস এস স্টিল (প্রা:) লিমিটেড-এর ১০০% সাধারণ শেয়ার অর্জনের লক্ষ্যে কোম্পানির ২১,৯৯৯,৯৯৯ সাধারণ শেয়ার ১০ টাকা হারে এস এস স্টিল (প্রা:) লিমিটেড-এর শেয়ারহোল্ডারদের প্রদান করা হবে নিমিত্তে ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে বিশেষ সাধারণ সভায় অনুমোদিত হয়। সেই অনুসারে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন বরাবর আবেদন করা হয়, যা পরবর্তিতে প্রত্যাহার করা হয়েছে।

Honourable Directors are addressing in the EGM

COMPANY'S PERFORMANCE AND FINANCIAL RESULT:

As stated in previous years, GOB has not yet lifted the embargo on extracting clay from our leasehold mine. We are expecting that as we have fulfilled DoE's prerequisite about submission of Environmental Management Plan (EMP), GOB will resolve the issue at the earliest. However, as per Hon'ble High Court's order, we are extracting clay from our own mine.

This reporting year was not a good year for the Company as all performance indicators show down-ward trend. The Company has posted a net profit before tax amounting to Taka 97,795,247 (ninety seven million seven hundred ninety five thousand two hundred forty seven) excluding capital loss on sale of car Taka 956,438 (nine hundred fifty six thousand four hundred thirty eight) in the year ended 30 June 2017 which has decreased around 11% compared to immediate preceding year's net profit before tax amounting to Taka 110,383,126 (one hundred ten million three hundred eighty three thousand one hundred twenty six). One reason for this is, both production and sales decreased by around (40)% compared to immediate last year's production and sales on sqft basis.

During this period Company launched 08 (eight) new design of floor and wall glaze tiles.

We have introduced homogenous tiles in March 2015 and we are producing best quality tiles in terms of size, less water absorption, thickness and hardness. Therefore it's become popular to the customers and demand is increasing.

প্রতিষ্ঠানের কার্যক্রম এবং আর্থিক ফলাফল:

গত বছরের প্রতিবেদনে আমরা উল্লেখ করেছিলাম, আমাদের ইজারাকৃত খনি থেকে মাটি আহরণের উপর নিষেধাজ্ঞা সরকার এখনও তুলে নেয়নি। আমরা আশা করছি যে, যেহেতু পরিবেশ অধিদপ্তরের "পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা" জমা দেওয়ার পূর্বাবশ্যক শর্তাবলী পূরণ করেছি, বাংলাদেশ সরকার খুব শীঘ্রই বিষয়টি সমাধান করবে। যাহোক, মাননীয় উচ্চ আদালতের আদেশ অনুযায়ী আমরা আমাদের নিজস্ব খনি থেকে মাটি আহরণ করছি।

এই আর্থিক বছরটি কোম্পানির জন্য ভাল বছর ছিল না, তাই এর সকল কার্যক্রমে নিম্নমূখী প্রবণতাই ছিল। ৩০ জুন ২০১৭ সমাপ্ত অর্থ বছরে গাড়ি বিক্রয় বাবদ ৯৫৬,৪৩৮ (নয়শ ছাপ্পান্ন হাজার চারশ আটত্রিশ টাকা) ব্যতীত কর পরিশোধের পূর্বে কোম্পানির কর পূর্ববর্তী নীট মুনাফা দাঁড়িয়েছে ৯৭,৭৯৫,২৪৭ (সাতানব্বই মিলিয়ন সাতশ পচানব্বই হাজার দুইশ সাতচল্লিশ টাকা) যা পূর্ববর্তী বছরের কর পূর্ববর্তী নীট মুনাফা ১১০,৩৮৩,১২৬ (একশ দশ মিলিয়ন তিনশ তিরাশি হাজার একশ ছাব্বিশ টাকা) এর তুলনায় প্রায় ১১% কম। এর একটি কারণ হলো গত বছরে উৎপাদন এবং বিক্রয় উভয় ক্ষেত্রেই পূর্ববর্তী বছরের তুলনায় বর্গফুটের হিসাবে যথাক্রমে প্রায় (৪০)% কমেছে।

এই সময়ের মধ্যে কোম্পানি ০৮ (আটটি) নতুন ডিজাইনের ফ্লোর ও ওয়াল টাইলস উদ্ভাবন করেছে।

আমরা হোমোজেনিয়াস টাইলস মার্চ ২০১৫ হতে প্রবর্তন করি এবং আমরা আকার অনুযায়ী কম জল শোষণকারী, পুরু ও মজবুত সর্বউৎকৃষ্ট মানের টাইলস উৎপাদন করছি। ফলে, গ্রাহকদের কাছে এর জনপ্রিয়তা ও চাহিদা বাড়ছে।

Financial Results and Proposed Appropriation:

	2016-2017	2015-2016
Net Profit for the year before Tax & WPP	101,680,750	170,004,277
Add : Retained earnings up to last year	147,638,343	49,511,257
	249,319,093	219,515,534
Less : Contribution to WPP Fund	4,841,940	8,095,442
Profit available for appropriation Taka	**244,477,153**	**211,420,092**

Proposed Appropriation:

	2016-2017	2015-2016
Provision for Income Tax	24,209,702	29,668,662
Stock Dividend	102,380,980	34,113,087
Retained Earnings	117,886,470	147,638,343
	244,477,152	**211,420,092**

Dividend:

As mentioned in the earlier paragraph, the Company has posted a net profit before tax amounting to Taka 97,795,247 (ninety seven million seven hundred ninety five thousand two hundred forty seven) excluding capital loss on sale of car Taka 956,438 (nine hundred fifty six thousand four hundred thirty eight) in the year ended 30 June 2017 which has decreased around 11% compared to immediate preceding year's net profit before tax amounting to Taka 110,383,126 (one hundred ten million three hundred eighty three thousand one hundred twenty six).

Considering the above factors, the Board has opted recommending @10% stock dividend [one (1) bonus share for every ten (10) shares held] for the Y2016-2017 to all the shareholders to be distributed out of accumulated Retained Earnings subject to approval of the shareholders at the 22nd Annual General Meeting.

লভ্যাংশঃ

আমাদের আগের অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে যে, ৩০ জুন ২০১৭ সমাপ্ত অর্থ বছরে গাড়ি বিক্রয় বাবদ ৯৫৬,৪৩৮ (নয়শ ছাপ্পান্ন হাজার চারশ আটত্রিশ টাকা) ব্যতীত কর পরিশোধের পূর্বে কোম্পানির কর পূর্ববর্তী নীট মুনাফা দাঁড়িয়েছে ৯৭,৭৯৫,২৪৭ (সাতানব্বই মিলিয়ন সাতশ পচানব্বই হাজার দুইশ সাতচল্লিশ টাকা) যা পূর্ববর্তী বছরের কর পূর্ববর্তী নীট মুনাফা ১১০,৩৮৩,১২৬ (একশ দশ মিলিয়ন তিনশ তিরাশি হাজার একশ ছাব্বিশ টাকা) এর তুলনায় প্রায় ১১% কম ।

উপরোল্লিখিত বিষয়গুলো বিবেচনা করে পরিচালনা পরিষদ ২০১৬-১৭ অর্থবছরের পুঞ্জিভূত আয় থেকে ১০% স্টক লভ্যাংশ (প্রতি ১০ শেয়ারের জন্য ১টি বোনাস) আগামী ২২তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে সকল শেয়ারহোল্ডারদের মধ্যে বিতরণের সুপারিশ করেন ।

RETIRE, ELECT AND RATIFFICATION OF THE APPOINTMENT OF DIRECTORS:

As per article 126 of the Articles of Association Mr. Md. Abu Zafer, Mr. Mohammad Shirajul Islam and Mrs. Nilufar Anjum all Independent Directors, will be retiring from the Board at the 22nd Annual General Meeting and being eligible offered themselves for re-election subject to approval of the shareholders at the 22nd Annual General Meeting.

অবসর গ্রহণ, মনোনয়ন ও নতুন পরিচালকবৃন্দের নিয়োগ অনুমোদন:

কোম্পানির সংঘ বিধির ১২৬ ধারা অনুযায়ী সর্বজনাব মোঃ আবু জাফর, মোহাম্মদ সিরাজুল ইসলাম এবং নিলুফার আনজুম স্বতন্ত্র পরিচালক পদ থেকে অত্র ২২তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং যোগ্য বিধায় প্রত্যেকেই পুনর্নির্বাচনের জন্য ইচ্ছা প্রকাশ করেছেন, যা ২২তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের প্রয়োজন।

Honourable Shareholders are attending in the 21st AGM

AUDITORS:

The existing Auditors MABS & J Partners, Chartered Accountants, SMC Tower (7th Floor), 33 Banani C/A, Road # 17, Dhaka-1213 will be retiring at this Annual General Meeting and being eligible offered themselves for reappointment for the next term subject to approval of the shareholders at the 22nd Annual General Meeting.

নিরীক্ষক নিয়োগ:

কোম্পানির বর্তমান নিরীক্ষক এমএবিএস এন্ড জে পার্টনারস্, চার্টার্ড একাউন্ট্যান্টস, এসএমসি টাওয়ার (৭ম তলা), বনানী বা/এ, সড়ক # ১৭, ঢাকা-১২১৩ অত্র বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং যোগ্য বিধায় পরবর্তী বছরের জন্য পুনর্নিয়োগের প্রস্তাব করেছেন, যা ২২তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের প্রয়োজন।

OTHERS:

(a) Implementation of ETP

In compliance with DoE, the Company has implemented ETP (Effluent Treatment Plant) in the factory through H.M. Enviro Care which became operational effecting March

অন্যান্য:

ক) ইটিপি বাস্তবায়ণ

পরিবেশ অধিদপ্তরের নীতিমালা অনুযায়ী বিগত ২৯ মার্চ ২০১১ সাল হতে এইচ.এম. ইনভাইরো কেয়ারের মাধ্যমে কোম্পানি ফ্যাক্টরীতে ইটিপি ব্যবস্থা চালু করেছে। সে অনুযায়ী ২১ অক্টোবর

29, 2011. Accordingly DOE has provided Environmental Clearance Certificate for a period up to October 21, 2013. Against our application for renewal, DOE has renewed Environmental Clearance Certificate for the period up to 21 October 2018.

(b) Credit Rating of the Company

The Company has engaged Credit Rating Agency of Bangladesh Limited for rating the Company. Accordingly CRAB has awarded Long Term rating of BBB2 which will remain valid up to December 2017.

CORPORATE GOVERNANCE COMPLIANCE REPORT:

A statement in pursuance to clause 1.5 report of compliance, audit committee report as per clause 3.5, certificate from professional accountant as per clause 7(i) and as status of compliance as per clause 7(ii) of the BSEC Notification # SEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated 07 August 2012 are depicted/disclosed in the Annexure - 1,2,3,4 respectively.

APPRECIATION:

I would like to thank all our valued shareholders, patrons, well-wishers and all employees for their continued support and sincere efforts towards the growth of the Company.

On behalf of the Board

Sd/-

Dated, Dhaka
25 October 2017

Javed Opgenhaffen
Chairman

২০১৩ পর্যন্ত পরিবেশ অধিদপ্তর পরিবেশগত ছাড়পত্র প্রদান করেছেন। আমাদের আবেদনের পরিপ্রেক্ষিতে পরিবেশ অধিদপ্তর আগামী ২১ অক্টোবর ২০১৮ পর্যন্ত উক্ত ছাড়পত্র নবায়ন করেছেন।

খ) প্রতিষ্ঠানের ক্রেডিট রেটিং

কোম্পানির ক্রেডিট রেটিং-এর জন্য ‘ক্রেডিট রেটিং এজেন্সী অব বাংলাদেশ লিমিটেড’ কে সম্পৃক্ত করা হয়। সে অনুযায়ী ক্রেব কর্তৃক ডিসেম্বর ২০১৭ পর্যন্ত মেয়াদের জন্য কোম্পানিকে দীর্ঘ মেয়াদী বিবিবি২ রেটিং এ ভূষিত করা হয়েছে।

কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট:

বিএসইসি’র প্রজ্ঞাপন #SEC/CMRRCD/2006-158/134/ Admin/44 তারিখ ০৭ আগস্ট ২০১২-এর নিরিখে একটি বিবরণ ১.৫ ধারা অনুসারে, প্রতিপালন প্রতিবেদন, অডিট কমিটির প্রতিবেদন ৩.৫ ধারা অনুসারে, ধারা ৭(১) অনুসারে প্রফেশনাল একাউনটেন্ট কর্তৃক সার্টিফিকেট এবং কর্পোরেট গভর্নেন্স প্রতিপালন ৭(২) এর অবস্থা যথাক্রমে সংযুক্তি- ১,২,৩,৪ এর মধ্যে বর্ণনা/প্রকাশ করা হলো।

কৃতজ্ঞতা:

পরিচালক পর্ষদের পক্ষ থেকে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ও সকল শুভানুধ্যায়ী এবং কর্মচারীবৃন্দকে তাদের অব্যাহত সমর্থন ও কোম্পানির উন্নয়নে সহায়তা দানের জন্য আন্তরিক ধন্যবাদ।

পরিচালক পর্ষদের পক্ষে

স্বা:/-

তারিখ: ঢাকা,
২৫ অক্টোবর ২০১৭

জাভেদ অপগেনহেপেন
চেয়ারম্যান